

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
(আইসিটি শাখা)
www.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯০০.০২৬.০২.০০২.২২. ৯৩৬

তারিখঃ ২৩ অগ্রহায়ন, ১৪২৯
১৩ ডিসেম্বর, ২০২২

বিষয়: **ওয়েব পোর্টাল হালনাগাদ সংক্রান্ত মাসিক প্রতিবেদন।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের ২৯ সেপ্টেম্বর, ২০২২ তারিখের ০৪.০০.০০০০.৮৩১.০৬.০০১.২১.২০৬ নম্বর স্মারক পত্র।


উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকপত্রের পরিপ্রেক্ষিতে “ডিজিটাল বাংলাদেশ টাঙ্কফোর্স”-এর নির্বাহী কমিটির ১২তম সভায় ‘জাতীয় ওয়েব পোর্টালের মাধ্যমে তথ্য প্রাপ্তি সহজলভ্য করার জন্য মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং মাঠ পর্যায়ে পরিচালিত ওয়েব পোর্টালসমূহ নিয়মিত হালনাগাদ করতে হবে’ মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

০২। “ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২৩” এ তথ্য বাতায়নের মেইন মেন্যুর আওতাধীন সাবমেন্যুসমূহ; সেবা বক্সের সকল লিংক; সকল কর্মকর্তার মোবাইল নম্বর, ছবি ও ই-মেইলসহ তালিকা; নোটিশ বোর্ড; বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা; জাতীয় শুদ্ধাচার কার্যক্রম; সেবা প্রদান প্রতিশ্রুতি; অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা; তথ্য অধিকার; উদ্ভাবন; সেবা সহজীকরণ ও ডিজিটাইজেশন সংক্রান্ত কার্যক্রম; বিভিন্ন কার্যক্রমের ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের তালিকা ইত্যাদি সংক্রান্ত তথ্যাদি নিয়মিত ও তাৎক্ষণিক হালনাগাদ করতে হবে।

০৩। উল্লিখিত সিদ্ধান্ত ও নির্দেশনার আলোকে কুড়িগ্রাম জেলার সরকারি প্রতিষ্ঠান/দপ্তরসমূহের তথ্য জেলা পর্যায়ে প্রোগ্রামার এবং উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে সহকারী প্রোগ্রামারগণ এতদসংক্রান্ত ছক অনুযায়ী প্রতি মাসের ১০ তারিখের মধ্যে এ কার্যালয়ে আবশ্যিকভাবে প্রেরণ করবেন। তালিকার সার-সংক্ষেপ প্রোগ্রামার প্রতি মাসের জেলা আইসিটি কমিটির সভায় উপস্থাপন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

সংযুক্তি: ১। সূত্রোক্ত স্মারক পত্র।

২। তথ্য ছক।



মোঃ মিনহাজুল ইসলাম
(উপসচিব)

অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক), কুড়িগ্রাম
ফোনঃ ০২৫৮৯৯-৫০০২৯

ই-মেইলঃ adcgkurigram@mopa.gov.bd

১। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
জেলা কার্যালয়, কুড়িগ্রাম।

২। সহকারী প্রোগ্রামার,.....(সকল)

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, কুড়িগ্রাম।

অনুলিপি:

০১। উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম।

০২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) ও বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কুড়িগ্রাম।

০৩।, কুড়িগ্রাম।

০৪। উপজেলা নির্বাহী অফিসার,.....(সকল), কুড়িগ্রাম।

০৫। সহকারী কমিশনার(গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।